

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের
এপ্রিল মাসের বেতন-ভাতার
সরকারী অংশের চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের এপ্রিল-২০১৩ মাসের বেতন-ভাতার সরকারী অংশ ব্যবদ ২০টি চেক শনিবার অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। ২৮ মে তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারী অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানদের অনুরোধ করা হলো।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চমতি অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি, তারাও ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে এ সময়ের টাকা এর মাঝে উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।